গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারেরর কার্যালয়
ছাতক, সুনামগঞ্জ।
www.chhatak.sunamganj.gov.bd

স্মারকনং-০৫.৬০.৯০২৩.০০০.০১.০০১.২১- ১৬০ তারিখ ঃ ১০/০২/২০২০ খ্রি.

## জলমহাল ইজারা/বন্দোবস্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতি/মৎস্যজীবি সংগঠনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সুনামগঞ্জ জেলার ছাতক উপজেলা প্রশাসনের ব্যবস্থাপনাধীন নিম্নবর্ণিত (২০.০০ একর পর্যন্ত বদ্ধ জলমহাল) জলমহালসমূহ সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর আলোকে ১৪২৮-১৪৩০ বাংলা সন মেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত উল্লিখিত তারিখ ও সময়সূচি অনুযায়ী নিম্নোক্ত শর্তে আবেদন আহবান করা যাচ্ছে।

### -ঃ ইজারা সংক্রান্ত সময়সূচি ঃ-

| পর্যায় | আবেদন পত্র ক্রয় ও দাখিলের তারিখ | মন্তব্য |
|---|---|---|
| ১ম পর্যায় | ২২/০২/২০২১ খ্রি. হতে ০৮/০৩/২০২১ খ্রি. পর্যন্ত ১০ (দশ) কার্যদিবস। | |
| ২য় পর্যায় | ১৫/০৩/২০২১ খ্রি. হতে ৩০/০৩/২০২১ খ্রি. পর্যন্ত ১০ (দশ) কার্যদিবস। | |
| ৩য় পর্যায় | ০৫/০৪/২০২১ খ্রি. হতে ১৯/০৪/২০২১ খ্রি. পর্যন্ত ১০ (দশ) কার্যদিবস। | |
| ৪র্থ পর্যায় | ২৭/০৪/২০২১ খ্রি. হতে ১১/০৫/২০২১ খ্রি. পর্যন্ত ১০ (দশ) কার্যদিবস। | |

### ১৪২৮-১৪৩০ বাংলা সন মেয়াদে ইজারাযোগ্য জলমহালের তালিকা ঃ

| ক্র. নং | জলমহালের নাম | মৌজা | পরিমাণ (একর) | সরকারি ইজারামূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | কাজির খাল | বাহাদুরপুর | ৯.৫৭ | -- | |
| ০২ | কাকমারা হাওর | দক্ষিণ কুর্শি | ৭.১২ | -- | |
| ০৩ | ছোট কচুয়া নদী | কপলা | ১৮.৪০ | ২৩,৫৮৩/- | |
| ০৪ | জল্লার ডুবা | ভূইগাঁও | ০.৯০ | -- | |
| ০৫ | ডুবির বিল | মানসীনগর | ৩.৭৮ | -- | |
| ০৬ | ডাক বান্দ বুরকি চাতল | চৌকাচক | ৯.৮৭ | ৫,৭১৩/- | |
| ০৭ | ডেইডেরা বিল | জহিরপুর | ১৪.০৬ | -- | |
| ০৮ | ডাউকা নদী | মঈনপুর | ৬.৬০ | -- | |
| ০৯ | তেরাকুড়ি ঠাকুরখালী | লক্ষীপাশা ও রুখুয়া | ১৮.৫৩ | -- | |
| ১০ | দেওচাপড়া -২ | উত্তর কুর্শি | ৯.৮৫ | ২,৮০১/- | |
| ১১ | নলুয়া বিল | দেবের গাঁও | ৮,৮৫ | ২,২০০/- | |
| ১২ | পাতাশী নদী | ঝামক | ৩.০৪ | ৩,৬৭৫/- | |
| ১৩ | পাবিয়া জুড়ি বিল | বুরাইয়া | ১৫.৬৮ | ৫২৫/- | |
| ১৪ | পাঁচ বিলা বিল | জাহিদপুর | ৮.৬৬ | ৬,৬৩০/- | |
| ১৫ | পুরানিয়া ডুবি | রাধানগর | ৫.১৪ | ১২৪৭/- | |
| ১৬ | বুকি খালী বিল | চর হোসেনপুর | ৩.৭৪ | -- | |
| ১৭ | বড় বিল ও বরইখালী বিল | অনন্ত ভৈরব | ১০.৬০ | -- | |
| ১৮ | বুকি নদী | দেবের গাঁও ও দেওকাপন | ৭.৬০ | ৪,৮৩৫/- | |
| ১৯ | বগি খাই | জাহিদপুর | ৭.৯০ | ২,১৮৪/- | |
| ২০ | বলাইর ঢালা ও মরাচাপড়া খলা নদী | দক্ষিণ লাকেশ্বর | ০.৬৭ | -- | |
| ২১ | বারুনী বিল | বরাটুকা | ৪.৮৭ | ১৮,৯৫৮/- | |
| ২২ | ভুলা খাল লম্বা বিল সিংগির বিল | জিয়াপুর | ১৫.৬৮ | -- | |
| ২৩ | মঈনপুর খাল | মঈনপুর | ১.৭৫ | -- | |
| ২৪ | রওয়াইল নদী | রাজারগাঁও | ৮.৩২ | ১৩,৭৭৬/- | |
| ২৫ | রাঙ্গাদিঘা | পাইগাঁও | ৩.৭৫ | -- | |
| ২৬ | লেপার দাইড় | ইছাতপুর, লেপা | ৪.৩৬ | -- | |
| ২৭ | সিংগাপই বিল | দেওর গাঁও | ৩.৬৫ | -- | |
| ২৮ | সিংরাখাই ডাক বান্দ | দেওর গাঁও | ৩.৪১ | ৩,৬৭৫/- | |
| ২৯ | হুরুয়া বিল (১) | লক্ষিপাশা | -- | -- | |
| ৩০ | হুরু বিল | ফকির টিলা | ১৬.৬১ | ২১,৪৯৫/- | |
| ৩১ | বান্দের কোনা বান্দ | কালেশ্বরী | ১৪.৮৪ | ১৮,০৮১/- | |

605

## -ঃ শর্তাবলী ঃ-

০১। নির্দিষ্ট জলমহালের নিকটবর্তী/তীরবর্তী প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতি বা সমবায় অধিদপ্তরে নিবন্ধিত সে সমিতি নির্দিষ্ট তীরবর্তী জলমহাল ব্যবস্থাপনার জন্য আবেদন করতে পারবে এবং জলমহালের নিকটবর্তী/তীরবর্তী নিবন্ধিত মৎস্যজীবি সংগঠন/সমিতিগুলো প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার পাবে। কোন ব্যক্তি বা অনিবন্ধিত সংগঠন আবেদন করতে পারবে না।

০২। জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে জলমহাল ইজারার আবেদন ফরম ৫০০/- মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (যে কোন তফসীলি ব্যাংক হতে) দাখিল সাপেক্ষে নির্ধারিত তারিখ ও সময়ে আবেদন পত্র ক্রয় ও দাখিল করা যাবে।

০৩। সমিতিতে প্রকৃত মৎস্যজীবি ব্যতিত অন্য কোন সদস্য থাকলে বা কার্যনির্বাহী কমিটিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবি নহেন, তাহলে উক্ত সমিতি আবেদনের যোগ্য হবে না।

০৪। প্রকৃত মৎস্যজীবি সমিতি যারা সমাজসেবা অধিদপ্তরে নিবন্ধিত, যেখানে প্রকৃত মৎস্যজীবি ছাড়া অন্য কোন সদস্য নেই তারাও আবেদনে অংশ গ্রহনের জন্য উপযুক্ত বলে বিবেচিত হবেন।

০৫। আবেদনকারী কোন মৎস্যজীবি সংগঠন/সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবি নহেন তাহলে উক্ত সমিতি জলমহাল বন্দোবস্তের অযোগ্য বিবেচিত হবেন। তাছাড়া আবেদনকারী মৎস্যজীবি সংগঠন/সমিতি যেগুলো বর্তমানে কার্যকর আছে তার প্রমাণস্বরুপ জেলা/উপজেলা সমবায়/সমাজসেবা কর্মকর্তা (যেখানে যা প্রযোজ্য) কর্তৃক প্রত্যয়নপত্রসহ আবেদনের সাথে বিগত ২(দুই) বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে। তবে নতুন সংগঠনের/সমিতির অডিট রিপোর্টের প্রয়োজন হবে না।

০৬। প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতি তাদের সদস্যদের নামের তালিকা ঠিকানাসহ এবং নির্বাহী সদস্যদের নামের তালিকা ঠিকানাসহ সংযুক্ত করে আবেদনপত্র দাখিল করতে হবে।

০৭। মৎস্যজীবি সংগঠন/সমিতিকে যাচাই বাছাইয়ের ক্ষেত্রে উক্ত সংগঠন/সমিতির কোন জঙ্গী সম্পৃক্ততা থাকলে এবং পুর্বের কোন জলমহালের ইজারামূল্য পরিশোধের খেলাপী হয়ে থাকলে অথবা জলমহাল সংক্রান্ত কোন সার্টিফিকেট মামলা কিংবা অন্য আদালতে কোন মামলা থাকলে সংশ্লিষ্ট সংগঠন/সমিতিকে কোন জলমহাল ইজারা প্রদান করা হবে না।

০৮। উপজেলা নির্বাহী অফিসার, ছাতক কর্তৃক বিজ্ঞপ্তিতে অর্ন্তভূক্ত সংশ্লিষ্ট জলমহালের ইজারামূল্যের ২০% ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জামানত হিসেবে আবেদনকারী তার আবেদনের সাথে দাখিল করবেন । লীজপ্রাপ্ত সমিতির শেষ বছরের লীজ মানির সাথে উক্ত টাকা সমন্বয় করা হবে। লীজপ্রাপ্ত হয়নি এমন সমিতির ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ফেরত প্রদান করা হবে।

০৯। সময়মত লীজমানি পরিশোধ না করা, তথ্য গোপন করা কিংবা অন্য কোন অনিয়মের কারণে কোন জলমহালের লীজ বাতিল করা হলে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি উক্ত জলমহাল পুনরায় যথানিয়মে লীজ প্রদানের ব্যবস্থা গ্রহন করবেন।

১০। লীজ গ্রহীতা কোন মৎস্যজীবি সংগঠন/সমিতি তাদের নামে লীজকৃত জলমহাল কোন অবস্থাতেই সাব লীজ অথবা অন্য কোন ব্যক্তি/গোষ্ঠীকে হস্তান্তর করতে পারবেন না এবং অন্য কোন উপায়ে তা ব্যবহার করতে পারবেন না। যদি তা করে থাকেন, তাহলে উপজেলা নির্বাহী অফিসার উক্ত লীজ বাতিল করে জমাকৃত জামানত সরকার অনুকূলে বাজেয়াপ্ত করবেন। উক্ত লীজ গ্রহিতা মৎস্যজীবি সমিতি/সংগঠন পরবর্তী বছর জলমহাল ইজারা সংক্রান্ত কোন আবেদন করতে পারবে না।

১১। কোন মৎস্যজীবি সমবায় সমিতি/সংগঠন দু'টির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত পাবে না।

১২। উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তের প্রেক্ষিতে বন্দোবস্ত/ইজারাপ্রাপ্ত মৎস্যজীবি সংগঠন/সমিতি ১ম বছরের সাকুল্য ইজারামূল্য সিদ্ধান্ত প্রদানের ০৭(সাত) কর্মদিবসের মধ্যে পরিশোধ করতে হবে। অন্যথায় আবেদনের সাথে সংযুক্ত ব্যাংক ড্রাফট বাজেয়াপ্ত করে পুনঃ ইজারার ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৩। সম্পূর্ণ ইজারামূল্য পরিশোধের পর ইজারাগ্রহিতা সমিতি নিজ দায়িত্বে ও ব্যয়ে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারা চুক্তিপত্র সম্পাদন করতে হবে। ইজারা চুক্তি সম্পাদনের সময় ০২(দুই) কপি পাসপোর্ট আকারের সত্যায়িত ছবি দাখিল করতে হবে। ইজারাগ্রহিতা সমিতির গাফলতির কারণে জলমহালের দখল প্রদানে বিলম্ব হলে তজ্জন্য কর্তৃপক্ষ দায়ী থাকবেন না।

১৪। ইজারামূল্যের সাথে ইজারামূল্যের উপর সরকার কর্তৃক আরোপিত ৫% আয়কর ও ১৫% ভ্যাট অতিরিক্ত প্রদান করতে হবে।

১৫। ২য় বছরের সম্পূর্ণ ইজারামূল্য ১ম বছরের ১৫ই চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে এবং পরবর্তী বছরের ইজারামূল্য পূর্ববর্তী বছরের ১৫ই চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে যুক্তি সংগত কারণ ব্যতিত সমূদয় ইজারামূল্য পরিশোধে ব্যর্থ হলে উপজেলা নির্বাহী অফিসার ইজারা বাতিল করবেন এবং জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।

১৬। আবেদন ফরম ব্যবহারের মেয়াদ কেবল মাত্র নির্ধারিত তারিখ অর্থাৎ যে তারিখের জন্য ক্রয় করা হবে সে তারিখে এবং যে জলমহালের জন্য ক্রয় করা হবে শুধুমাত্র সে জলমহালের ক্ষেত্রে দাখিলের জন্য প্রযোজ্য হবে। নির্ধারিত তারিখের পূর্বে ক্রয়কৃত কোন আবেদন ফরম দাখিল করা হলে তা বাতিল বলে গণ্য হবে। অর্থাৎ আবেদন ফরম ক্রয়ের পর আবেদন গ্রহণের কোন তারিখ অতিক্রান্ত হলে পরবর্তী কোন তারিখে এ আবেদন ফরমটি গ্রহণযোগ্য হবে না। উপরন্তু আবেদনের সাথে সংযুক্ত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার বাজেয়াপ্ত করা হবে।

১৭। খামের উপর উপজেলাসহ জলমহালের নাম অবশ্যই উল্লেখ করতে হবে।

১৮। বছরের যে কোন সময় ইজারা প্রদান করা হোক না কেন উক্ত ইজারা পহেলা বৈশাখ ১৪২৮ বাংলা সন হতে কার্যকর হবে।

১৯। অনুমোদিত ইজারা গ্রহীতা সরকার কর্তৃক নিষিদ্ধ ঘোষিত কোন উপায়ে মৎস্য শিকার করতে পারবে না। সরকার কর্তৃক সকল আদেশ নিষেধ ইজারাগ্রহিতা পালন করতে বাধ্য থাকবেন।

২০। জলমহাল ইজারা নেয়ার পর কোন সমিতি/সংগঠন জলমহাল ভরাট বা অন্য কোন অজুহাত উত্থাপন করতে পারবেন না। প্রয়োজনে আবেদন দাখিলের পূর্বে সমিতি/সংগঠন সরেজমিন জলমহালের বাস্তব অবস্থা সম্পর্কে অবহিত হয়ে ইজারা কার্যক্রমে অংশ গ্রহণ করতে হবে।

২১। মামলা জনিত কারণে/উর্ধ্বতন কর্তৃপক্ষের আদেশের কারণে বা অন্য কোন আইন সংগত কারণে জলমহাল সমূহের সময়মত দখল না পাওয়ার বিষয়ে কোন অজুহাত গ্রহণযোগ্য হবে না।

২২। কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন আবেদনপত্র গ্রহণ/বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

মামুনুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহ্বায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
ছাতক, সুনামগঞ্জ ।

স্মারকনং-০৫.৬০.৯০২৩.০০০.০১.০০১.২১-১৮০(৩০) তারিখ ঃ-১০ /০২/২০২০ খ্রি.

অনুলিপি ঃ সদয় অবগতির জন্য ।

১। মাননীয় সংসদ সদস্য, সুনামগঞ্জ – ৫।
২। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৪। জেলা প্রশাসক, সুনামগঞ্জ ।
৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ছাতক, সুনামগঞ্জ।
৬। মেয়র, ছাতক পৌরসভা, ছাতক, সুনামগঞ্জ।
৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ছাতক, সুনামগঞ্জ।

অনুলিপি ঃ অবগতি ও কার্যার্থে ঃ

৮। উপজেলা নির্বাহী অফিসার.......................................................(সকল), সুনামগঞ্জ।
৯। সহকারী কমিশনার(ভূমি), ছাতক, সুনামগঞ্জ।
১০। উপজেলা ........................................... অফিসার , ছাতক , সুনামগঞ্জ ।
১১। অফিসার ইন্‌চার্জ , ছাতক থানা , ছাতক , সুনামগঞ্জ ।
১২। চেয়ারম্যান ................................................. (সকল) ইউনিয়ন পরিষদ , ছাতক , সুনামগঞ্জ ।
১৩। সম্পাদক, দৈনিক ...ঐক্যের প্রবাহ—.......... সিলেট/~~সুনামগঞ্জ~~। উক্ত বিজ্ঞপ্তটি আপনার পত্রিকার ভিতরের পাতায় নির্ধারিত তারিখের পূর্বে সীমিত পরিসরে কেবলমাত্র ০১(এক) টি সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১৪। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ................................................ ইউনিয়ন ভূমি অফিস, ছাতক। তাকে বিজ্ঞপ্তিটি স্থানীয় বাজারে ঢোলসহরতের মাধ্যমে বহুল প্রচার করার জন্য অনুরোধ করা হলো।
১৫। জনাব...................................................................................... সদস্য ,উপজেলা জলমহাল কমিটি ,.ছাতক,.সুনামগঞ্জ।
১৬। অফিস নথি/মাস্টার নথি/নোটিশ বোর্ড।

উপজেলা নির্বাহী অফিসার
ছাতক,সুনামগঞ্জ।